

বুদ্ধিজীবীদের ভারতীয়রাও হত্যা করেছে: জবি অধ্যাপক

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৬:৪৩, ১৫ ডিসেম্বর ২০২৪; আপডেট: ০৬:৪৮, ১৫ ডিসেম্বর ২০২৪



ছবি সংগৃহীত

শহীদ বুদ্ধিজীবীদের হত্যায় রাজাকার, আল-বদরদের পাশাপাশি ভারতীয়দেরও ভূমিকা ছিল বলে মন্তব্য করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও জাতীয়তাবাদী শিক্ষক সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. রইছ উদ্দীন।

শনিবার (১৪ ডিসেম্বর) শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আয়োজনে অনুষ্ঠিত চিত্র প্রদর্শনী ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন ছাত্রদল শাখার সভাপতি আসাদুজ্জামান আসলাম এবং সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক সুজন মোল্লা।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক রইছ উদ্দীন বলেন, "বাংলাদেশের স্বাধীনতার দ্বারপ্রান্তে এসে আমাদের সূর্যসন্তানদের হত্যা করা হয়। আমরা বলি, যুদ্ধে ৩০ লাখ মানুষ শহীদ হয়েছেন। কিন্তু স্বাধীনতার ৫৩ বছরেও তাদের সঠিক তালিকা করতে পারিনি। যারা দেশ স্বাধীন হওয়ার পর নেতৃত্বে এসেছিলেন। তাদের ওপরই এ দায় সবচেয়ে বেশি।"

তিনি আরও বলেন, "এই দেশ স্বাধীন করেছিল আপামর জনতা, অথচ এর পুরো ক্রেডিট দেওয়া হয়েছে একজন ব্যক্তিকে। আমাদের শহীদ বুদ্ধিজীবীদের শুধু রাজাকার, আল-বদররা নয়, ভারতীয়রাও হত্যা করেছে।"

সভাপতির বক্তব্যে ছাত্রদল শাখার সভাপতি আসাদুজ্জামান আসলাম বলেন, "ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মাধ্যমে অর্জিত স্বাধীনতাকে রক্ষা করতে সকলকে এক হয়ে কাজ করতে হবে। ছাত্রদল সাধারণ শিক্ষার্থীদের অধিকার রক্ষায় সর্বদা প্রস্তুত।"

আলোচনা সভায় আরও বক্তব্য দেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ড. মো. নাসির উদ্দীন, ইতিহাস বিভাগের শিক্ষক ড. নাসির আহমেদ, এবং শাখা ছাত্রদলের সিনিয়র সহসভাপতি ইব্রাহিম কবির মিঠু। এসময় অনুষ্ঠানে ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।